দৈনিক
ইনকিলাব

তারিখ ০১ 9 OCT 2002
পৃষ্ঠা ১১ কলাম ৬



## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## অর্থ মন্ত্রণালয়
## অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
## শেরেবাংলা নগর, ঢাকা

# উচ্চ শিক্ষার্থে বিদেশ গমনকারী ছাত্র/ছাত্রীদের ভ্রমণ ব্যয় সম্পর্কিত বিজ্ঞপ্তি

সুইডেন-বাংলাদেশ ট্রাস্ট ফান্ড হতে উচ্চ শিক্ষার জন্য স্নাতকপূর্ব/স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে বিদেশের শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নের সুযোগপ্রাপ্ত বাংলাদেশী শিক্ষার্থী/শিক্ষার্থিনীদের নিকট হতে এক পথের ভ্রমণ ব্যয় প্রদানের জন্য নিম্নোক্ত শর্তে ও ছকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

**শর্তাবলী**

১। সদ্য তোলা ১ (এক) কপি সত্যায়িত পাসপোর্ট সাইজ ছবি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

২। যে সকল শিক্ষার্থী গত ২০০১ সনের ১লা অক্টোবর হতে ২০০২ সনের ৩০শে সেপ্টেম্বর-এর মধ্যে বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পেয়েছেন তারা ভ্রমণ মঞ্জুরির জন্য আবেদন করতে পারবেন।

৩। শিক্ষার্থী কোন পরীক্ষায় ৩য় শ্রেণীপ্রাপ্ত হলে এবং বিদেশে কোন উৎস হতে বৃত্তি না পেয়ে থাকলে এ ফান্ডের আওতায় ভ্রমণ মঞ্জুরির জন্য আবেদন করতে পারবেন না।

৪। কোন শিক্ষার্থী একবার ভ্রমণ মঞ্জুরি পেয়ে থাকলে দ্বিতীয়বার ভ্রমণ মঞ্জুরির জন্য আবেদন করতে পারবেন না।

৫। কোন শিক্ষার্থী দেশী বা বিদেশী কোন উৎস থেকে ভ্রমণ মঞ্জুরি/এয়ার টিকেট পেয়ে থাকলে, তিনি ভ্রমণ মঞ্জুরির জন্য আবেদন করতে পারবেন না।

৬। আবেদনপত্র অনুমোদিত হওয়ার পর অর্থ উত্তোলনের জন্য আবেদনকারীকে ভ্রমণকৃত বিমান টিকেটের মূল কপি দাখিল করতে হবে। মূল টিকেট দাখিল করতে ব্যর্থ হলে তাঁর অনুমোদন বাতিল বলে গণ্য হবে।

৭। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ আগামী ৩১শে ডিসেম্বর, ২০০২। সকল প্রয়োজনীয় সংযোজনীসহ উক্ত তারিখের মধ্যে আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হবে। নির্দিষ্ট তারিখের পর আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ আবেদনপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

**ভ্রমণ মঞ্জুরির জন্য আবেদনপত্রের নমুনা ছক**

০১। নাম (স্পষ্টাক্ষরে) : বাংলা
ইংরেজী

০২। পিতা/স্বামীর নাম এবং পেশা (পদবীসহ) :

০৩। মাতার নাম :

০৪। জন্ম তারিখ :

০৫। আবেদনকারীর বর্তমান পেশা (বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত থাকলে সেখানে যোগদান-পূর্ব পেশা উল্লেখ করুন) :

০৬। দেশে যোগাযোগের ঠিকানা :

০৭। স্থায়ী ঠিকানা :

০৮। আবেদনকারী/অভিভাবকের বাৎসরিক আয় (প্রত্যায়নপত্রসহ) :

০৯। শিক্ষাগত যোগ্যতা (সার্টিফিকেট এবং মার্কশীটের সত্যায়িত অনুলিপিসহ) :

| উত্তীর্ণ পরীক্ষা | বৎসর | প্রাপ্ত বিভাগ | পঠিত প্রধান প্রধান বিষয় | প্রাপ্ত গড় নম্বর |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

১০। আবেদনকারী বিদেশে যে বিশ্ববিদ্যালয়/কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির অনুমতি পেয়েছে/ভর্তি হয়েছে/অধ্যয়নরত তার নাম ও ঠিকানা (ভর্তির সুযোগ এবং বৃত্তিপ্রাপ্তির প্রমাণপত্রসহ) :

১১। ক) অধ্যয়নের বিষয় :
খ) কোর্সের মেয়াদ :
গ) শিক্ষার স্তর (স্নাতকপূর্ব/স্নাতক/স্নাতকোত্তর) :
ঘ) অধ্যয়নরত হলে কোন শিক্ষা বৎসর হতে অধ্যয়নরত :

১২। আবেদনকারীর বর্তমান শিক্ষার ব্যয় নির্বাহের বিবরণ :
ক) একাডেমিক বৎসরের মোট ব্যয় :
খ) প্রাপ্ত বৃত্তির পরিমাণ :

১৩। ঠিকানা ও টেলিফোন নম্বর (জরুরী প্রয়োজনে যোগাযোগের জন্য) :

১৪। এক পথের প্রকৃত ভ্রমণ ব্যয় (এয়ার টিকেটের অনুলিপিসহ) :

তারিখ :

আবেদনকারীর স্বাক্ষর

মোঃ ইকবাল হোসেন
সিনিয়র সহকারী সচিব
ব্লক নং-১৬, কক্ষ নং-১৯
ফোন : ৯১৪০৪৮৫।

ডিএফপি-২৪৯৬৪-১০/১০
জি-৫৭৩৫/০২ (১০"x৩)